

## রং এর প্রভাব

এফ. আহমেদ

আকাশটা ঢেকে গিয়েছিল -  
কাল মেঘে,  
বৃষ্টির মাঝে চলছিল -  
বিজলীর সন্ত্রাস,  
আর সেই কালোই -  
এনে দিল রাত্রির অনুভব ।  
সামনের বেলীর ঝোপটাকে;  
ফুলের বুলেট -  
যেন তারার মত -  
ঝাঝরা করে দিয়েছে  
নীল চাঁদোয়াকে নিয়েস -  
মনে পড়ছে গান ।।